

মেমোরেক্স

মস্তিষ্কের শক্তিবর্ধক



বর্ণনা :

মেমোরেক্স থানকুনি পাতার একক ঔষধ যাতে সক্রিয় উপাদান হিসেবে কিছু গুরুত্বপূর্ণ টারপিনয়েড জাতীয় সেপোনিন গ্লাইকোসাইড যেমন: এশিয়াটিকোসাইড, সেনটেলোসাইড, মেডিকাসোসাইড ও এশিয়াটিক এসিড বিদ্যমান। থানকুনি বহুকাল আগে থেকেই ভারতীয় ভেষজ চিকিৎসায় স্মৃতিবর্ধক হিসেবে ব্যবহৃত হয়ে আসছে। প্রাণীতে কয়েকটি গবেষণা দেখা গেছে যে থানকুনির নির্যাস মস্তিষ্কের প্যারেনকাইমা কলায় অ্যামলয়েড-বিটা পেপটাইড (যা সঞ্চিৎ হলে স্মৃতিভ্রম রোগে সৃষ্টি হয়) এর সঞ্চয় হওয়া রোধ করে। থানকুনির নির্যাস এক্সন উৎপাদন করে ক্ষতিগ্রস্ত স্নায়ুকোষকে পুনঃনির্মাণ করে। থানকুনির টারপিনয়েড সেপোনিন গুলো উদ্বেগ, ধমনীর উচ্চ রক্তচাপ ও ধমনীর সংকীর্ণতা দূর করে। থানকুনির সক্রিয় উপাদান এশিয়াটিকোসাইড ক্ষত পূরণে ভূমিকা রাখার প্রমাণ পাওয়া গেছে। এশিয়াটিকোসাইড গ্লাইকোসাইডটির বিভিন্ন জীবাণুর বিরুদ্ধে কার্যকারিতা রয়েছে।

উপাদান :

প্রতি ক্যাপসুল এ আছে

সেনটেলোসিয়াটিকা ড্রাই এক্সট্রাক্ট

৫০০ মিগ্রা

ও অন্যান্য উপাদান

(সূত্র : থানকুনি, বা.জা.ই.ফ)

ইউনানী ঔষধ

রোগ নির্দেশ :

মেমোরেক্স কোষের মাইটোকন্ড্রিয়া ও মস্তিষ্কের নতুন কোষ উৎপাদনে সহায়তা করে। ইহা স্নায়ুকোষ বিশেষ করে মস্তিষ্কের সেনসরি কোষের কার্যকারিতা বৃদ্ধি করে। মেমোরেক্স মস্তিষ্কের শক্তি, কর্মক্ষমতা, স্মৃতিশক্তি বৃদ্ধি করে। মেমোরেক্স মস্তিষ্কের কোষের ধ্বংস ও ক্ষয় প্রতিরোধ করে। মেমোরেক্স রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে। মেমোরেক্স রক্তস্ফুল্পতা দূর করে। মেমোরেক্স অকাল বার্ধক্যরোধক ও অ্যাডাপটোজেন হিসেবে কাজ করে। মেমোরেক্স বাত, সন্ধিপ্রদাহ ও সন্ধিবেদনার জন্য কার্যকরী। মেমোরেক্স সাধারণ দুর্বলতা, মৃগী, খিচুনী, তোতলানো রোগ ভাল করে। মেমোরেক্স চর্মরোগ, ক্ষত, পোড়া, একজিমা ভাল করে। মেমোরেক্স ডায়রিয়া, আমাশয় ও পাকস্থলীর রোগে কার্যকরী। মেমোরেক্স স্নায়বিক দুর্বলতা ও স্নায়ুরোগে কার্যকর।

মাত্রা :

১-২ টি করে ক্যাপসুল দিনে ২ বার অথবা চিকিৎসকের

পরামর্শ অনুসারে সেব্য।

পার্শ্ব প্রতিক্রিয়া :

নির্দেশিত মাত্রায় মেমোরেক্স সেবনে কোন পার্শ্ব প্রতিক্রিয়া জানা নাই।

গর্ভাবস্থায় ও দুগ্ধদানকারী মায়েদের ক্ষেত্রে ব্যবহার :

অতিরিক্তঃ ক্রিয়া থাকার কারণে গর্ভাবস্থায় মেমোরেক্স সেবন নিষিদ্ধ।

দুগ্ধদানকারী মায়েদের মেমোরেক্স এর ক্ষেত্রে কোন বাধা আছে বলে জানা যায় নি।

পরিবেশনা :

৩ X ১০ ক্যাপসুল এর বিস্টার বক্স।

সংরক্ষণ :

আলো ও আর্দ্রতা থেকে দূরে ঠান্ডা ও শুষ্ক স্থানে রাখুন।

সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।



নেপচুন ল্যাবরেটরীজ লিঃ

গাজীপুর-বাংলাদেশ